



জনসংযোগ কার্যালয়
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

সাভার, ঢাকা, বাংলাদেশ
ফোন: ৭৭৯১০৪৫-৫১
ফ্যাক্স: ০২২২৪৪৯১০৫২
ওয়েবসাইট: www.juniv.edu

প্রেস বিজ্ঞপ্তি

জুলাই-আগস্ট গণঅভ্যুত্থানে আহতদের
চিকিৎসা সহায়তায় ৩৬ লাখ ৯৬ হাজার টাকার চেক হস্তান্তর

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, ০৮ ডিসেম্বর ২০২৪

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে জুলাই-আগস্ট গণঅভ্যুত্থানে আহতদের চিকিৎসা সহায়তা হিসেবে ৩৬ লাখ ৯৬ হাজার টাকার চেক হস্তান্তর করা হয়েছে। আজ বিশ্ববিদ্যালয়ের কাউন্সিল কক্ষে এই চেক হস্তান্তর অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

চেক হস্তান্তর অনুষ্ঠানে উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ কামরুল আহসান বলেন, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে আহত শিক্ষার্থীদের পাশে থাকতে পেরে আমরা গর্বিত। উপাচার্য বলেন, বিপ্লব চলমান প্রক্রিয়া, দেশ গঠনের এখনো অনেক কাজ বাকি। আমি আশা করি, আন্দোলনে অবদান রাখা সকলে মিলে ঐক্য তৈরি করে আমাদের পথ দেখাবে। জুলাই-আগস্ট আন্দোলনে ঐক্যের মাধ্যমেই ফ্যাসিস্টের পতন হয়েছে। সবার সহযোগিতায় দেশ এগিয়ে যাবে বলে জানান উপাচার্য।

চেক হস্তান্তর অনুষ্ঠানে উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মোহাম্মদ মাহফুজুর রহমান, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. আবদুর রব, রেজিস্ট্রার, হল প্রভোস্ট, কম্পট্রোলার, চিফ মেডিক্যাল অফিসারসহ সংশ্লিষ্ট শিক্ষক-শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে ৩৫ জন শিক্ষার্থী, ১জন শিক্ষক ও কর্মচারীর নিকট আর্থিক সহায়তার চেক হস্তান্তর করা হয়।

ড. মোহাম্মদ মহিউদ্দিন
পরিচালক (ভারপ্রাপ্ত)